

UCB ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

উত্তরা শাখা, প্যারাডাইস টাওয়ার, প্লট # ১১, ঢাকা ময়মনসিংহ রোড, সেক্টর-৩, উত্তরা, ঢাকা।

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

(অর্থঝণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউসিবি, উত্তর শাখা, ঢাকা এর ঋণগ্রহীতা মেসার্স হাসান স্টীল কর্পোরেশন, প্রোপ্রাইট-জনাব হাসান মাহমুদ, পিতা-মৃত সৈয়দ আলী, ঠিকানাঃ ৩৯, আব্দুল্লাহপুর, সেক্টর-৮, উত্তরা, ঢাকা-১২৩০ কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঙ্গুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৯/০৩/২০১৪ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ৫,৫৩,২৮১.৮৬ (পাঁচ লক্ষ তিপাঁচ হাজার দুইশত একাশি টাকা ছিয়াশি পয়সা) ঢাকা সহ অন্যান্য আনুষাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা-ঢাকা, থানা-উত্তরা ও সাব-রেজিস্ট্রি অফিস গুলশান অধীন, ঢাকা কালেক্টরীর তৌজিভুক্ত, সাবেক ১৯৯ নং এস.এ-১৪ নং, মৌজা ফায়দাবাদস্থিত, সি.এস. ১৪৫ (একশত পয়তাল্লিশ) নং, আর.এস. ১৬ (ঘোল) নং, বর্তমানে ঢাকা মহানগর জরীপে ২০৫২৮ নং খতিয়ানে লিখিত। সি.এস ও এস.এ. ৩০৯ (তিনশত নয়) নং, আর.এস. ৮৮৬, ৮৮৭, ৮৮৮ নং বর্তমানে ঢাকা মহানগর জরীপে ২০৬০৪ নং দাগের কাতে ৩৩০ অযুতাংশ বা হালীয় মাপে ২ (দুই) কাঠা। যাহার চৌহানী : উত্তরে-আকিমন নেছা গং, দক্ষিণে-আলাউদ্দিন গং, পূর্বে-জয়নাল আবেদীন, পশ্চিমে-অন্যদাগের জমি।

নিলামের শর্তাবলী

- ১। আগামী ২০/০৫/২০১৪ ইং বেলা ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরা শাখা, ঢাকা এ রক্ষিত বাস্তু সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকঘোগে দরপত্র জমা দিতে হইবে এবং এই দিনই ৪.০০ টার সময় দরপত্রাদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তু খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রাদাতা উদ্বৃত্ত দর অনুরূপ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্বৃত্ত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুরূপ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্বৃত্ত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফ্ট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরা শাখা, ঢাকা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- ৩। অনুরূপ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্বৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুরূপ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্বৃত্ত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমূদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াঙ্গ হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাদাতার জামানত বাজেয়াঙ্গ হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- ৪। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রত্যাবৃক্ত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাঙ্গ বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রত্যাব অগ্রহ্য করিতে পারিবেন।
- ৫। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৬। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৭। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনানো ব্যক্তিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, উত্তরা শাখা, ঢাকা।